বাংলা
শিক্ষা সহায়ক

ছোটদের ছড়া সিরিজ

ছড়াং - ৩

ড. এস এম ফরিদুল ইসলাম



ছড়াকার
chorakar.com

ছড়াং-৩

৩+ বছর বয়সের সোনামণিদের জন্য

ড. এস এম ফরিদুল ইসলাম

প্রতিষ্ঠাতা ও পরিচালক, সোনামণি স্কুল।
সহযোগী অধ্যাপক, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

ছড়াকার.কম





উৎসর্গ

বয়স যাদের তিনের উপর
শব্দকথা চেনে।
ছড়া পড়ার চেষ্টা করে-
মায়ের কথা মেনে।











ছড়াং-৩

প্রথম প্রকাশ : অক্টোবর ২০২৬

প্রকাশক : ছড়াকার.কম

পরিবেশক : বইপুর.কম
কলকাকলি হাউজিং, আশুলিয়া, ঢাকা
সেল - ০১৮৪৫-০৫৫০৪৪

গ্রন্থস্বত্ব : ড. এস এম ফরিদুল ইসলাম
ইমেইল - faridasia@gmail.com
সেল - ০১৯১৬৮৬৮৫৮৫

প্রচ্ছদ : লেখক ও প্রকাশক।

মূল্য : হার্ড কপি ৩৫০ টাকা (US $ 5.00)
ই-বুক ১৫০ টাকা।
(US $ 1.75)

ISBN : F 978-984-36-0775-0

CHORANG-3
BY DR. S M FARIDUL ISLAM

This book is copyright protected. No part of this can be used commercially without written permission by the author

সাজুগুজু



খুকু করে সাজুগুজু
স্নো মাখে চুলে!
কাজলটা দেবে কোথা
খুকু গেলো ভুলে।

পরে যেই মনে হলো
মেখে নিলো গালে!
লিপস্টিক নাকে মাখে
আইব্রো কপালে!

চুড়িগুলো পায়ে নিলো
নূপুরটা কানে!
খুকুমণি সাজুগুজু
খুব ভালো জানে!





হীরামন টিয়ে রে



হীরামন টিয়ে রে
ডানা মেলে দিয়ে রে
উড়ে উড়ে কোথা যাও
আমাকেও সাথে নাও।

হুতুমের বিয়ে রে
সাজ-পাতি দিয়ে রে
ইয়া-বড় আয়োজন
নাচে গায় পুরো বন!



যাবো ওই গাঁয়ে রে
বেলা যায় বয়ে রে
বলছো কী বলো না
যাবে যদি চলো না!

শংকর মামা

জু-তে গেলো ঘুরতে
শংকর মামা।
বাঘ ছিলো খালি গায়ে
দিতে গেলো জামা।

হুংকার ছেড়ে বাঘ
ধরে ফেলে ঘাড়।
আটকায় বাঘটারে
সে সাধ্য কার!



হাউমাউ কাঁদে মামা
বলে, ওরে ছাড়।
যার তার উপকার
করবো না আর।



পুষির পড়া

কখন থেকে যাচ্ছি ডেকে
যায় কি কথা কানে?
পড়ার সময় ফাঁকিবাজির
হয় কি কোনো মানে?



লাফালাফি-ছুটোছুটি
তার বেলাতে বেশ।
পড়ার সময় হলেই কেবল
নেই বাহানার শেষ!

ক'দিন পরে পরীক্ষাতে
করবি যদি ফেল।
তখন পুষি দেবো তোরে
একশ দিনের জেল!







ড. এস এম ফরিদুল ইসলাম ১৯৭৮ সালে সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার পারকোদলা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগ হতে অত্যন্ত কৃতিত্বের সাথে তার BBA, MBA ও PhD ডিগ্রি অর্জন করেন। পিতার পদাঙ্ক অনুসরণ করে পেশাগত জীবনে তিনি একজন শিক্ষক।

বর্তমানে তিনি 'এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ' -এর ব্যবসায় প্রশাসন অনুষদের সহযোগী অধ্যাপক ও ডীন হিসেবে কর্মরত আছেন। এছাড়াও তিনি বহুল পরিচিত ছোটদের কার্টুন ভিডিওভিত্তিক অনলাইন প্রি-স্কুল 'সোনামনি স্কুল' (sonamonischool.com) -এর প্রতিষ্ঠাতা-পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। ছোটবেলা হতেই লেখালেখিতে তার বিশেষ ঝোঁক, বিশেষত ছড়া ও কবিতা সৃষ্টিতে। তবে শিশুতোষ ছড়া ও ছড়াগান রচনায় তিনি একেবারে সিদ্ধহস্ত। শিশুশিক্ষা ও শিশুদের নিয়ে কাজ করা তার জীবনের এক মহান ব্রত। 'ছড়াং-৩' শিরোনামের এই গ্রন্থে লেখক ছোট্ট সোনামণিদের মজার-মজার সব ছড়া উপহার দেয়ার মাধ্যমে তাদের সাবলীলভাবে বাংলা পড়তে শেখার প্রয়াস দেখিয়েছেন। প্রতিটি শিশুর জন্য বইটি একটি আদর্শ ও সুপারিশকৃত বই।

-প্রকাশক।

ছড়াকার
chorakar.com